যুগান্তর

24 APR 2016

ক্রিকেট খেলতে নিষেধের জের

# রাজধানীতে শিক্ষককে চাপাতি দিয়ে কুপিয়েছে আ'লীগ নেতার ছেলে

## শিক্ষার্থীদের থানা ঘেরাও : ৩ সহোদর গ্রেফতার

**যুগান্তর রিপোর্ট**

ক্লাস চলার সময়ে ক্রিকেট খেলতে নিষেধ করায় স্কুলের প্রধান শিক্ষক প্রণব কুমার
সরকারকে কুপিয়ে গুরুতর আহত করেছে এক আওয়ামী লীগ নেতার ছেলে।
শনিবার সকালে রাজধানীর শেখেরটেক এলাকায় প্রতিভা স্কুলের সামনেই ওই
শিক্ষককে কুপিয়ে আহত করে স্থানীয় ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি সানাউল্লাহর
ছেলে রানা। গুরুতর আহত অবস্থায় তাকে সোহরাওয়ার্দী হাসপাতালে ভর্তি করা
হয়েছে। এ খবর ছড়িয়ে পড়লে বিক্ষোভে ফেটে পড়ে ওই স্কুলের শিক্ষার্থীরা।
তাৎক্ষণিকভাবে মিছিল বের করে শিক্ষার্থীরা হামলাকারীকে গ্রেফতারের দাবি
জানায়। এক পর্যায়ে শিক্ষার্থীরা আদাবর থানা ঘেরাও করে। পুলিশ দুই ঘণ্টার মধ্যে
হামলাকারীকে গ্রেফতারের আশ্বাস দিলে শান্ত হয় শিক্ষার্থীরা। পরে পুলিশ অভিযান
চালিয়ে ওই ঘটনার সঙ্গে জড়িত রানা ও তার অপর দুই ভাই রাব্বি ও নয়নকে
গ্রেফতার করে।

প্রত্যক্ষদর্শীরা জানান, শনিবার বেলা সাড়ে ১১টার দিকে শেখেরটেক ৬ নম্বর রোডে
বন্ধুদের নিয়ে প্রতিভা স্কুল মাঠে ক্রিকেট খেলছিল ঢাকা মহানগরীর ১০০ নম্বর
ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সানাউল্লাহর ছেলে ■ পৃষ্ঠা ১৫ : কলাম ১

# রাজধানীতে শিক্ষককে চাপাতি দিয়ে কুপিয়েছে আ'লীগ নেতার ছেলে

(৩য় পৃষ্ঠার পর)

রানা। এ সময় স্কুলের প্রধান শিক্ষক প্রণব কুমার সরকার মাঠে গিয়ে ক্লাস চলার সময়ে খেলা বন্ধ রাখার জন্য বলেন। এর কিছুক্ষণ পর রানা চাপাতি এনে স্কুলের সামনেই শিক্ষক প্রণব কুমার সরকারকে এলোপাতাড়ি কোপায়। মুমূর্ষু অবস্থায় সহকর্মীরা তাকে উদ্ধার করে সোহরাওয়ার্দী হাসপাতালে ভর্তি করে। এদিকে ঘটনার পরপরই প্রতিভা স্কুলের শিক্ষার্থীরা বিক্ষোভে নামে। তারা হামলাকারীকে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে মিছিল নিয়ে থানা ঘেরাও করে। পরে পুলিশ রানার বাবা আওয়ামী লীগ নেতা সানাউল্লাহ ও তার দুই ছেলে রব্বি ও নয়নকে আটক করে। পরে চাপের মুখে বিকালে রানা থানায় এসে আত্মসমর্পণ করলে পুলিশ তার বাবা সানাউল্লাহকে ছেড়ে দেয়।

আদাবর থানার ওসি শাহিনুর রহমান যুগান্তরকে বলেন, রানাকে খুঁজে বের করার জন্যই তার বাবা ও দুই ভাইকে আটক করা হয়েছিল। পরে জানা যায়, এ ঘটনায় রানার দুই ভাইও জড়িত ছিল। এ কারণে তাদের দু'জনকেও গ্রেফতার করা হয়েছে। আদাবর থানায় একটি মামলা হয়েছে।